

চাকরি নেব না
দেব ॥ ডুয়েটে
শিক্ষা সচিব

নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ১৯
ফেব্রুয়ারি ॥ গাজীপুরে ঢাকা
প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের
(ডুয়েটে) শহীদ আহসান উল্লাহ
মান্ডার মিলনায়তনে বৃহস্পতিবার
২০১৩-২০১৪ সেশনের প্রথম বর্ষ
বিএসসি ইঞ্জিনিয়ারিং/বিআর্ক
প্রোগ্রামের অরিয়েন্টেশন অনুষ্ঠিত
হয়েছে। এতে প্রধান অতিথি
ছিলেন শিক্ষা সচিব মোঃ নজরুল
ইসলাম খান।

অনুষ্ঠানে শিক্ষা সচিব বলেন,
আমাদের প্রকৌশলীদের স্নোগান
হওয়া দরকার- 'চাকরি নেব না,
আমরা চাকরি দেব।' আজকের
দুনিয়া প্রকৌশল ও প্রযুক্তির
দুনিয়া। তিনি আরও বলেন,
প্রকৌশলীদের শুধুমাত্র চাকরি
করার চিন্তায় বিভোর থাকলে হবে
না, তাদের সৃষ্টি করে দেখাতে হবে,
স্বপ্ন দেখতে হবে, স্বপ্ন দেখাতেও
হবে। সরকারের ডিজিটাল
বাংলাদেশ গড়ে তোলার
পরিকল্পনাকে বাস্তবায়নের জন্য
কারিগরি শিক্ষার ওপর তিনি
বিশেষ গুরুত্বারোপ করেন।
বক্তব্যে তিনি ডুয়েটকে নতুন নতুন
যোগ্যযোগ্য বিশেষায়িত বিভাগ
খোলার পরামর্শ দেন। ডুয়েটে
ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড.
মোহাম্মদ আলাউদ্দিনের
সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য
রাখেন- যন্ত্রকৌশল অনুষদের ডিন
ও শিক্ষক সমিতির সভাপতি
অধ্যাপক ড. মোহাম্মদ
আসাদুজ্জামান চৌধুরী।